



সততার রাজনীতি করি, অভিযোগের সুযোগ নেই: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

ঠাকুরগাঁওয়ে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, “রাজনীতিবিদরা চোর হতে পারে, কিন্তু আমার বিষয়ে কেউ এ ধরনের অভিযোগ করতে পারবে না। আল্লাহর ইচ্ছায় আমি সব ধরনের অসৎ কাজ থেকে বিরত থেকেছি।”

তিনি আরও বলেন, “সততার সঙ্গে রাজনীতি করছি, তাই নিজের কাছে আমি স্বচ্ছ।” এ সময় ফখরুল সকলের কাছে দোয়া ও ভোটের অনুরোধ জানান। ভোটে নির্বাচিত হলে এলাকার উন্নয়ন ও সব সমস্যার সমাধান করার আশ্বাস দেন তিনি।

মহাসচিব আরও উল্লেখ করেন, “জেল-জুলুম ও নির্যাতনের কারণে আমাদের জীবন থেকে ১৫টি বছর চলে গেছে। এখন ভোট দেওয়ার সুযোগ এসেছে। যদি সঠিকভাবে এটি ব্যবহার করি, তবে সঠিক মানুষকে নির্বাচিত করতে পারব।”

LENS ASIA